

৩৬২  
২০১৯  
তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৪  
২১ নভেম্বর ২০১৭

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৭.৫১৭

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫.১১.২০১৭ তারিখ সারাদেশে উদ্‌যাপনের লক্ষ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫.১১.২০১৭ তারিখ ঢাকা মহানগরীসহ সকল জেলা ও উপজেলায় "আনন্দ শোভাযাত্রা"র মাধ্যমে উদ্‌যাপন করার জন্য কর্মসূচি গৃহীত হয়েছে। বর্ণাঢ্য, আকর্ষণীয় ও সর্বাঙ্গীন সুন্দরভাবে উক্ত কর্মসূচি একযোগে সারাদেশে উদ্‌যাপনের জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। উক্ত কর্মসূচি যথাযথভাবে উদ্‌যাপনের নিমিত্ত তীর্থ মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন প্রতিষ্ঠানের ঢাকায় অবস্থানরত কর্মকর্তা-কর্মচারীগণকে ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠেয় কর্মসূচিতে এবং জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অতিরিক্ত সচিব (প্র/ম) এম দপ্তর
ক্র.সংখ্যা-১/২/১০
সূত্র: সচিব (প্রশাসন) / ঢাকা
অতিরিক্ত সচিব (প্রশাসন) / ঢাকা
তারিখ: ২১/১১/১৭

(মোঃ সাজ্জাদুল হাসান)  
উপসচিব

ফোন: ৯৫৪০৯৭১

E:\All Data-2012\Endose-2012.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.৩১.০৪০.১৭ ২২৬৬

তারিখ: ০৮ অগ্রহায়ণ, ১৪২৪  
২২ নভেম্বর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
২. চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
৩. অতিরিক্ত সচিব, ব্রু ইকোনমি সেল, পেট্রোসেন্টার, কাওরান বাজার, ঢাকা।
৪. মহা-পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), ঢাকা।
৫. মহা-পরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি), ঢাকা।
৭. মহা-পরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
৮. পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা।
৯. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।
১০. অফিস কপি।

সূত্রোক্ত পত্রের নির্দেশনার আলোকে আগামী ২৫-১১-২০১৭ তারিখ আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণের নিমিত্ত ঢাকায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বাংলাদেশ সচিবালয়ের ১নং গেটে দুপুর ০১.৩০ টায় উপস্থিত থাকা এবং আপনার আওতাধীন জেলা ও উপজেলা অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে সংশ্লিষ্ট জেলা ও উপজেলায় আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ শহিদুল ইসলাম)  
উপ-সচিব  
ফোন: ৯৫১৪১৬৫